ইসরায়েলে সরকার গঠনের দায়িত্বপ্রাপ্ত নেতার নাম ঘোষণা রোববার



ছবি: সংগৃহীত

ইসরায়েলে নতুন সরকার গঠনের দায়িত্ব কোন নেতাকে দেওয়া হবে, তা আগামী রোববার জানানো হবে বলে জানিয়েছেন দেশটির প্রেসিডেন্ট আইজ্যাক হারজোগ।

শুক্রবার (৬ নভেম্বর) ইসরায়েলি সংবাদমাধ্যম ওয়াইনেটের বরাতে এ তথ্য প্রকাশ করেছে আনাদোলু এজেন্সি।

হারজোগ জানান, ১২০ আসনের নেসেটে ৬৭টি আসনের প্রতিনিধিত্বকারী দলগুলো ইয়াশার পার্টির নেতা গাদি আইজেনকোটকে সরকার গঠনের দায়িত্ব দেওয়ার পক্ষে মত দিয়েছে। অন্যদিকে ৪৬ আসনের সমর্থন পাওয়া দলগুলো বর্তমান প্রধানমন্ত্রী ও লিকুদ পার্টির নেতা বেঞ্জামিন নেতানিয়াহুকে সমর্থন জানিয়েছে। ফলে প্রাথমিকভাবে অবস্থান স্পষ্ট মনে হলেও সরকার গঠনের বিষয়টি এখনো নিশ্চিত নয়।

প্রেসিডেন্ট বলেন, রাজনৈতিক দলগুলোর মধ্যে এবং জোটের অভ্যন্তরীণ মতবিরোধের কারণে সরকার গঠনের সক্ষমতা নিয়ে অনিশ্চয়তা রয়েছে। এ বিষয়ে দলগুলোর নেতাদের সঙ্গে আলাদাভাবে আরও আলোচনা করবেন তিনি। একই সঙ্গে স্থিতিশীল সরকার গঠনে সহায়তার জন্য সর্বোচ্চ চেষ্টা চালানোর কথাও জানান হারজোগ।

উল্লেখ্য, গত ২৭ অক্টোবর ইসরায়েলে সংসদীয় নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে নেতানিয়াহুর নেতৃত্বাধীন জোট নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পায়নি। দেশটির আইন অনুযায়ী, সংসদীয় দলগুলোর সঙ্গে আলোচনা শেষে নেসেটে সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থন পাওয়ার সম্ভাবনা বিবেচনা করে প্রেসিডেন্ট একজন আইনপ্রণেতাকে সরকার গঠনের দায়িত্ব দেন।